



খবর খাজানা

NABC – 2008 - TORONTO



NABC-2008- TORONTO খবর খাজানা

TORONTO তে আসুন-----দেখুন মেলা-----অনুভব করুন নাচ, গান, থিয়েটার।

TORONTO তে আসুন-----দেখুন এই শহর-----দেখুন NIAGARA.

TORONTO তে আসুন-----মিলে মিশে মজা করে আমরা সবাই কাটাই কটা দিন।

২৮তম উত্তর আমেরিকার বঙ্গ সনমিলন

জুলাই ৪,৫,৬,২০০৮

আপনাদের সবাইকে জানাই শুভ বিজয়া ও দীপাবলি। আপনারা আমাদের এই শহর টরন্টোতে আসছেন ২০০৮-এর বঙ্গ সনমিলন উপভোগ করতে। তার জন্য আমাদের প্রস্তুতির শেষ নেই। আপনাদের যাতে কোনও অসুবিধেয় না পরতে হয় তারই সব রকম আয়জন করা হচ্ছে।

এই সন্মেলনের এক গুরুত্বপূর্ণ অংশ হল সাংস্কৃতিক অনুষ্ঠান। আপনাদের আনন্দ দিতে অনেকেই কলকাতা থেকে আসছেন, আর এদের মধ্যে যাদের আসার কথা আমরা নিশ্চিতভাবে ভাবে জানতে পেরেছি তাদের সঙ্গে আপনাদের আলাপ করিয়ে দি।

উদ্বোধন অনুষ্ঠান-- শ্রী সুকল্যাণ ভট্টাচার্য্য

শ্রীসুকল্যাণ ২৮ তম বঙ্গ সন্মেলন/টরন্টোতে উদ্বোধনের ভার নিয়েছেন। নাচ ও গানের এই উপহার, আপনাদের মনপ্রাণ ভরিয়ে দেবে এই আমাদের বিশ্বাস। সুকল্যাণ তিন রকম নৃত্য ধারাতে সমান ভাবে দক্ষ -ভারতনাট্যম,ছৌ ও মনিপুরী।

দেশে ও বিদেশে নানান নৃত্য পরিচালনা ও

নৃত্য প্রদর্শন করে প্রচুর সুনাম অর্জন করেছেন।ওনার এই সফলতার জন্য টরন্টো, ভারত ও জাপান থেকে সরকারি অনুদান ও

মানপত্র পেয়েছেন। কলকাতার খ্যাতনামা চিত্র পরিচালকদের ছবিতে কোরিওগ্রাফি করেছেন। “সানন্দা তিলোত্তমা ২০০৬” panel judge হিসাবে উপস্থিত ছিলেন।

কলকাতার গায়ক ও গায়িকা

শ্রীমতি ইন্দ্রানী সেন, রূপঙ্কর বাগচি, শুভমিতা ব্যানার্জি।

শ্রীমতী ইন্দ্রানী সেন

ইন্দ্রানী এক অতি জনপ্রিয় শিল্পী হিসাবে প্রতিষ্ঠিত। রবীন্দ্র সঙ্গীত ও নজরুল গীতি ছাড়াও ওনার গানের প্রতিভা ছড়িয়ে গেছে ভজন, গীত গজল, আধুনিক গান, টপ্পা, ঝুংরী ও রাগপ্রধানে।

প্রথম গানের চর্চা শুরু নিজের মা সনামধন্যা রবীন্দ্র সঙ্গীত গায়িকা শ্রীমতি সুমিত্রা সেনের কাছে। ইন্দ্রানীর গাওয়া রবীন্দ্র ও নজরুল গানের হিন্দি অনুবাদ ভারতের নানান শহরে জনপ্রিয়তা পেয়েছে।

গানের জগৎ ছাড়াও ইন্দ্রানী আছে outstanding academic career. এখানে আর একটা কথা বলার আছে উনি অতি দক্ষতার সঙ্গে যোগদান করেছেন first women's car rally of Calcutta.



খবর খাজানা NABC – 2008 - TORONTO



রূপঙ্কর বাগটি

অল্প বয়স থেকেই রূপঙ্কর বাগটি আছেন গানের জগতে। উচ্চাঙ্গ সঙ্গীতে হাতখড়ি বাবা শ্রী রিতেন্দ্র নাথের কাছে ও মা শ্রীমতি সুমিত্রা দেবী শিখিয়েছেন রবীন্দ্র সঙ্গীত। মাত্র ১১ বছর বয়সে মা এর সঙ্গে প্রথম অনুষ্ঠান।

সেই থেকেই গানের সমুদ্রে ভেসে আছেন রূপঙ্কর। নানা রকম উত্থাল পাথালের পর এসে পরেছেন তার নিজস্ব বন্দরে।

দেশে ও বিদেশে অনুষ্ঠান করে প্রচুর সুনাম করেছেন। তাছাড়া সঙ্গীত পরিচালকের কাছে তার আছে যথেষ্ট চাহিদা - সিনেমা, টেলি ফিল্ম ও সিরিয়ালে গান করবার জন্য।

শুভমিতা ব্যানার্জি

শুভমিতা নতুন গায়িকা হিসাবে খুবই তাড়াতাড়ি নিজেকে প্রতিষ্ঠা করে ফেলেছেন। ১৯৯৬ সনের HMVর Golden talent contest এ প্রথম স্থান অধিকার থেকে শুরু। তারপর নানান পুরস্কারে সন্মানিত হয়েছেন। ভারতসরকার এর কাছ থেকে পেয়েছেন সরকারি অনুদান ও মানপত্র।

এখন কার সঙ্গীত পরিচালকদের কাছে শুভমিতার গানের প্রচুর চাহিদা। পঞ্চাশেরও বেশি সিনেমা ও টেলি সিরিয়ালে ওনি কাজ করেছেন।

কলকাতার ব্যান্ড - - ভূমি ও Calcutta Choir

Calcutta Choir

Calcutta Choir এর creative director, choreographer, assistant music director and co-dance directors are Mr Kalyan Sen Barat, Dr Sambhu Bhattacharyya, Mr Pratap Roy and Mr Kohinoor Sen

Barat.

এনাদের তত্ত্বাবধানে এই দলটি খুব সুনাম অর্জন করেছে। গান ও নাচের মাধ্যমে ঐক্যবদ্ধতা ও ঐকতান তারসঙ্গে সমাজ চেতনা ছড়িয়ে দিয়েছে দেশে ও বিদেশে। শহরে, গ্রামে গঞ্জে, ভারত ও বিশ্বের বিভিন্ন জায়গায় Calcutta Choir তাদের অতি উচ্চমানের অনুষ্ঠান পরিবেশন করেছে।

Calcutta Choir সমাজ সেবাতেও সমান ভাবে এগিয়ে এসেছে। অনাথ আশ্রম, দেশের যে অঞ্চলে মানুষের চরম দুর্দশা, তাদের জন্য সাহায্য এবং প্রতিষ্ঠা করেছে রক্তদান শিবির।

ভূমি

ছয়জন সদস্যর ব্যান্ড ভূমি তাদের folksy tune দিয়ে সবাইকে মাতোয়ারা করেছে। এদের অনুরাগীদের বয়সের কোন মাপকাঠি নেই। সবাই এদের গান ভালবাসেন।

বাউল, ভাটিয়ালি, মৈশাল, বুমুর, সারি গান ও কাওয়ালির সুর থেকে এই ব্যান্ড তাদের গানের অনুপ্রেরনা পায়।

ভূমি ব্যান্ড তাদের অনুষ্ঠানে হরেক রকমের Acoustic instruments ব্যবহার করে। এই দলের মধ্যে যারা আছেন- Soumitra Ray, Surojit Chatterjee, Sanjoy Mukherjea, Abhijit Ghose, Robin Lai and Hemanto Goswami।

কলকাতার থিয়েটার

যারা আসছেন- Manoj Mitra, Bibhas Chakraborty, Meghnad Bhattacharyya, Indrani Halder, Soumitra Mitra and Mayuri Ghose।

এদের কথা পরে দেওয়া হবে।